



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd.
email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবোর্দি/বিনি/বিজ্ঞপ্তি-জেএসসি/২০২০/৮২(৩৫০০)

তারিখ : ১২/০৫/২০২০ খ্রিঃ

বিষয় : ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসঙ্গে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর আওতাধীন স্বীকৃতি/পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তির স্মারক নং-মাউশিবোর্দি/বিনি/বিজ্ঞপ্তি-জেএসসি/২০২০/ ৫২(৩৫০০), তারিখ : ২০/০২/২০২০ খ্রিঃ পত্র মোতাবেক সোনালী সেবা ক্রয়ের মাধ্যমে টাকা জমাদানসহ অন্যান্য কার্যক্রম সম্পাদনের তারিখ নির্ধারণ করা হয়েছিল। করোনা পরিস্থিতির কারণে উক্ত নিবন্ধন কার্যক্রম ২৩/০৩/২০২০ খ্রিঃ তারিখের মাউশিবোর্দি/বিনি/বিজ্ঞপ্তি-জেএসসি/২০২০/৮১(৩৫০০) নং বিজ্ঞপ্তি মারফত স্থগিত করা হয়।

দেশের সার্বিক অবস্থা বিবেচনায় ২০২০ সালের অনুষ্ঠিতব্য জেএসসি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে শিক্ষার্থীদের অন-লাইন (e-sit) নিবন্ধন কার্যক্রম আগামী ৩১/০৫/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সম্পাদন করতে হবে।

উক্ত তারিখের মধ্যে উল্লেখিত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করার জন্য অত্র বোর্ডের অধিভুক্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

বিঃদ্র: প্রয়োজনীয় কাগজ পত্রসহ হার্ডকপি জমাদানের তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮৩ (অফিস)

মোবা : ০১৭১৬-৩৪৬৭১১

স্মারক নং- মাউশিবোর্দি/বিনি/বিজ্ঞপ্তি-জেএসসি/২০২০/৮২(৩৫০০) ^{১২-০৫-২০২০} তারিখ : ১২/০৫/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/সিনিয়র সিস্টেম এনালিস্ট/হিসাব রক্ষণ কর্মকর্তা/ শাখা কর্মকর্তা (সকল), অত্র শিক্ষা বোর্ড।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, দিনাজপুর।
- ৬। প্রজেক্ট ম্যানেজার, সুপার সফট করপোরেশন, দিনাজপুর।
- ৭। পি, এস, টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ৮। ওয়েব কপি।
- ৯। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১২/০৫/২০২০
(মোঃ আলি তাফ হোসেন)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৯৭১(অফিস)।

^{১২-০৫-২০২০}